

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৮

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৬
৩ ডিসেম্বর ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি
ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত নীতিমালা

ব্যাংকসমূহের ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-২৮, তারিখ-২৭ ডিসেম্বর ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে বাংলাদেশে ব্যাংক ব্যবসার প্রসার, ব্যাংকিং-সুবিধা বৃদ্ধিত জনগণের নিকট ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া এবং স্বল্প-ব্যয়ী ব্যাংকিং সেবা আউটলেট এর মাধ্যমে অধিকতর আর্থিক সেবাভুক্তির লক্ষ্যে ব্যাংকের ব্যবসা কেন্দ্রের মধ্যে “ব্যাংকিং বুথ” অন্তর্ভুক্ত করা হয়।

২। “ব্যাংকিং বুথ” এর কর্মপরিধি ও পরিচালন পদ্ধতি বিবেচনায় এবং ব্যাংকিং বুথের কার্যক্রম ও সেবার পরিধি জনসাধারণের নিকট অধিকতর স্পষ্ট করার প্রয়াসে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, “ব্যাংকিং বুথ” নামের ব্যবসা কেন্দ্রসমূহ “উপশাখা” নামে পরিগণিত হবে। এ প্রেক্ষিতে উক্ত সার্কুলার লেটারে উল্লেখিত “ব্যাংকিং বুথ” শব্দগুচ্ছ এবং “ব্যাংকিং বুথ” বুঝাতে ব্যবহৃত সকল শব্দ/শব্দগুচ্ছ “উপশাখা” শব্দ দ্বারা প্রতিস্থাপিত হবে। এতদ্ব্যতীত সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মো: রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০২৫২।